

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা ৯২০৩

## শিক্ষক ও কর্মকর্তাগণের ডরমেটরী কক্ষ বরাদ্দের নীতিমালা

(০৯/১২/১৭ইং তারিখে অনুষ্ঠিত অর্থ কমিটির ৩৬তম সভার সুপারিশ এবং ২৪/১২/১৭ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫৮তম সভায় অনুমোদিত।)

[০১/০১/২০১৮ইং তারিখ থেকে কার্যকরী]

- ১। কেবলমাত্র অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং প্রথম শ্রেণীর কর্মকর্তাগণই ডরমেটরী কক্ষ বরাদ্দ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।
- ২। সকল বরাদ্দই জ্যেষ্ঠতার ভিত্তিতে হবে।
- ৩। ডরমেটরী কক্ষে থাকাকালীন সময়ে প্রতিমাসে শিক্ষক/কর্মকর্তার মূল বেতনের ৪% বাসা ভাড়া কর্তন করা হবে।
- ৪। একজন শিক্ষক/ কর্মকর্তা সমগ্র চাকুরি জীবনে সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত ডরমেটরীতে থাকার সুযোগ পাবেন। ৫ (পাঁচ) বছরের বেশী সময় কোন শিক্ষক/কর্মকর্তা ডরমেটরীতে অবস্থান করলে বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত বাসা ভাড়ার পুরোটাই (১০০%) কর্তন করা হবে।
- ৫। কেহ কক্ষ পরিবর্তন করলে তাঁর কক্ষ খালি হওয়া সাপেক্ষে বাসা বরাদ্দ কমিটির একই সভায় আবেদনকারীদের মধ্যে থেকে অন্যের নামে বরাদ্দ দেয়া যেতে পারে। বরাদ্দকৃত কক্ষ আপোষে নিজেদের মধ্যে পরিবর্তন করা যাবে না।
- ৬। ডরমেটরীতে বসবাসকারী কেহ ৬ (ছয়) মাসের অধিককালের জন্য চিকিৎসা ছুটি ব্যতিত অন্য কোন ছুটিতে গেলে, বরাদ্দকৃত কক্ষ ছুটিতে যাওয়ার দিন হতে বাতিল বলে গন্য হবে।
- ৭। উচ্চশিক্ষার্থে বা কোন কারণে কক্ষ ছাড়ার কমপক্ষে ৭ (সাত) কার্যদিবসের পূর্বে রেজিস্ট্রার বরাবর কক্ষ বাতিলের আবেদন করতে হবে এবং কক্ষ ছাড়ার দিন প্রকৌশল শাখাকে নিজ কক্ষ বুঝিয়ে দিয়ে চাবি হস্তান্তর করতে হবে।
- ৮। যে শিক্ষক বা কর্মকর্তা খুলনা শহর বা বিশ্ববিদ্যালয়ের আশে পাশে পারিবারিক বাসা নিয়ে থাকেন এমন কেউ ডরমেটরীর বাসা বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।
- ৯। নিজ কক্ষকে কোন ভাবেই পারিবারিক বাসা হিসেবে ব্যবহার করা যাবে না।
- ১০। ডরমেটরীর রান্নাঘর ছাড়া অন্য কোথাও রান্না করা যাবে না।
- ১১। ডরমেটরীতে কক্ষ পাওয়ার জন্য যে কোন সময় নির্দিষ্ট ফরমে আবেদন করা যাবে। আবেদনের প্রেক্ষিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে অপেক্ষমান তালিকা প্রণয়ন করা যাবে।
- ১২। প্রতি ইংরেজী মাসের ২০ তারিখ অফিস সময় পর্যন্ত প্রাপ্ত আবেদনপত্র সমূহ এবং অপেক্ষমান তালিকাসহ পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বাসা বরাদ্দ নির্বাহী কমিটির সভায় জ্যেষ্ঠতার ভিত্তিতে কক্ষ বরাদ্দ দেয়া হবে।
- ১৩। কক্ষ পরিবর্তনের ক্ষেত্রে নতুনভাবে আবেদন করতে হবে। সর্বোচ্চ একবার কক্ষ পরিবর্তন করা যাবে।
- ১৪। এই আইন কার্যকরী হওয়ার দিন অর্থাৎ ০১/০১/২০১৮ইং তারিখে যে সকল শিক্ষক/কর্মকর্তার ডরমেটরীতে অবস্থানকালীন সময় ৪ বছর ৯ মাস এর বেশী, তাদেরকে বাসা পরিবর্তনের জন্য সর্বোচ্চ ৬ (ছয়) মাস সময় দেয়া যেতে পারে।
- ১৫। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সময় সময় এ বিষয়ে কোন নিয়ম প্রবর্তন বা সংযোজন করলে তাৎক্ষণিকভাবে কার্যকরী হবে।
- ১৬। বিশ্ববিদ্যালয়ের স্বার্থে ভাইস-চ্যান্সেলর মহোদয় প্রাপ্যতা শ্রেণীভুক্ত কোন শিক্ষক বা কর্মকর্তাকে খালি থাকা সাপেক্ষে কক্ষ বরাদ্দ দিতে পারবেন।
- ১৭। কর্তৃপক্ষ ইচ্ছা করলে যে কোন বরাদ্দকৃত কক্ষ কারণ দর্শানো ছাড়াই বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।
- ১৮। এই নীতিমালায় বর্ণিত নেই, এমন কোন বিষয়ে ভাইস-চ্যান্সেলর মহোদয় সিদ্ধান্ত প্রদান করবে।